


# যুগান্তর

২ এপ্রিল এইচএসসি পরীক্ষা শুরু

## প্রশ্নফাঁস রোধে ১৯ মার্চ বিভিন্ন বিভাগে সভা

প্রকাশ : ১৪ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রশ্নফাঁস ও নকল ঠেকাতে প্রথমবারের মতো মার্চ প্রশাসনের সঙ্গে বৈঠকে বসছে শিক্ষা মন্ত্রণালয়। এর অংশ হিসেবে ১৯ মার্চ ৮ বিভাগের কমিশনার কার্যালয়ে মতবিনিময় সভা ডাকা হয়েছে। ওই সভায় যোগ দেবেন জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপাররা (এসপি)। শিক্ষা মন্ত্রণালয়ের একজন করে অতিরিক্ত সচিবও ওইসব সভায় উপস্থিত থাকবেন।

মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগের সচিবের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বৈঠক করেন। সেখানে উল্লিখিত বৈঠকের সিদ্ধান্ত হয়। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এইচএসসির প্রশ্নফাঁস ঠেকাতে শিক্ষা মন্ত্রণালয় ৮ দফা পদক্ষেপ নেবে। বৈঠকে মন্ত্রিপরিষদ বিভাগের সচিবকে পদক্ষেপগুলো অবহিত করা হয়।

মঙ্গলবার মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবের ওই বৈঠকটি অনুষ্ঠিত হয়। এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন জানান, মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে বৈঠক ফলপ্রসূ হয়েছে। আমরা ১৯ মার্চ দেশের সব বিভাগে বিভাগীয় কমিশনারের দফতরে সমন্বয় সভা করতে চাই। সে অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ আমাদের সহায়তার হাত বাড়িয়েছে। ২ এপ্রিল শুরু হচ্ছে এবারের এইচএসসি ও সমমান পরীক্ষা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।